গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৪১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
Website: www.dnc.gov.bd

**মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর কর্মসম্পাদন সূচক ৩.৩ অনুযায়ী অনুষ্ঠিত ৪র্থ প্রাতিষ্ঠানিক গণশুনানী সভার কার্যবিবরণীঃ**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মো: আবদুল ওয়াহাব ভূঞা<br>মহাপরিচালক (গ্রেড-১)। |
| সভার তারিখ ও সময় | : | ০১ জুন, ২০২৩ খ্রি:, বেলা ১১.০০ টা। |
| সভার স্থান | : | অধিদপ্তরের সম্মেলন কক্ষ (লেভেল-৭) |
| সভায় উপস্থিত সদস্যবৃন্দ | : | পরিশিষ্ট ''ক'' দ্রষ্টব্য। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে গণশুনানীর কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন) (অতিরিক্ত দায়িত্ব) বিগত ১৬ মার্চ, ২০২৩ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। উক্ত কার্যবিবরণীর সিদ্ধান্ত ক্রমিক ৪.২ এর বাস্তবায়ন অগ্রগতি'র "জানুয়ারি-এপ্রিল/২৩ পর্যন্ত ৩৮৫টি বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্র পরিদর্শন করা হয়েছে" এর স্থলে "জানুয়ারি-এপ্রিল/২৩ পর্যন্ত সময়ে ৩৫৭টি বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্র ৩৮৫ বার পরিদর্শন করা হয়েছে" মর্মে প্রতিস্থাপনপুর্বক সংশোধনের জন্য অতিরিক্ত মহাপরিচালক অনুরোধ জানান। এছাড়া আর কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়।

০২। অত:পর সভায় গত ১৬ মার্চ, ২০২৩ তারিখে এ বিষয়ে অনুষ্ঠিত ৩য় সভায় গৃহীত সিদ্ধান্ত ও বাস্তবায়ন অগ্রগতি নিম্নবর্ণিতভাবে উপস্থাপন করা হয় :

| ক্রম: | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| ২.১ | ঢাকা মেট্রো (দক্ষিণ) কার্যালয় কর্তৃক ইস্যুকৃত ডিডি পারমিটের কোটা উত্তোলনের পারমিট অফিসিয়ালি (অফিসের বাহক মারফত) প্রতিস্বাক্ষরের জন্য ঢাকা জেলা কার্যালয়ে প্রেরণ করতে হবে। এ বিষয়ে পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | সিদ্ধান্তটি বাস্তবায়নপূর্বক অগ্রগতি জানানোর বিষয়ে ০৩ মে, ২০২৩ তারিখ উপপরিচালক, ঢাকা মেট্রো: (দক্ষিণ/উত্তর) কার্যালয়কে নির্দেশনা প্রদান করা হয়। তৎপ্রেক্ষিতে সিদ্ধান্তটি যথাযথভাবে বাস্তবায়ন করা হচ্ছে মর্মে ঢাকা মেট্রো: (দক্ষিণ/উত্তর) কার্যালয় হতে পত্র মারফত অবহিত করা হয়েছে। |
| ২.২ | সরকার অনুমোদিত বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রসমূহ লক্ষ্যমাত্রা অনুযায়ী পরিদর্শন অব্যাহত রাখতে হবে। কোন অনিয়ম পাওয়া গেলে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে। পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন) বিষয়টি নিশ্চিত করবেন। | বর্তমানে সারাদেশের ৩৫৭টি বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্র রয়েছে। উক্ত নিরাময় কেন্দ্রসমূহ জানুয়ারি-মে/২৩ পর্যন্ত সময়ে ৪৭২ বার পরিদর্শন করা হয়েছে। পাশাপাশি সিদ্ধান্তটি যথাযথভাবে বাস্তবায়নের বিষয়ে ০৩ মে, ২০২৩ তারিখ বিভাগীয় অতিরিক্ত পরিচালকগণকে পত্র মারফত নির্দেশনা প্রদান করা হয়েছে। |

০৩। সভায় উপস্থিত অংশীজন (Stakeholder) নিম্নবর্ণিত মতামত প্রদান করেন :

- ঢাকা কমিউনিটি হাসপাতাল প্রতিনিধি বলেন, ডিডি লাইসেন্সের কোটা উত্তোলনের ক্ষেত্রে প্রথমে উপপরিচালক, ঢাকা মেট্রো: (উত্তর) কার্যালয়, তেজগাঁও বরাবর আবেদন দাখিল করতে হয়। আবেদন দাখিলের পর সংশ্লিষ্ট সার্কেল পরিদর্শক তদন্ত প্রতিবেদন দাখিলের পর সংশ্লিষ্ট মেট্রো: কার্যালয় কোটার অনুমোদন দেয়। পরবর্তীতে অনুমোদিত কপি প্রতিস্বাক্ষরের জন্য সংশ্লিষ্ট জেলা কার্যালয়, গেন্ডারিয়া, ঢাকা বরাবর প্রেরণ করা হয়। সেখান থেকে প্রতিস্বাক্ষরের পর সাভার হতে পেথিডিন-মরফিন ইনজেকশন উত্তোলন করতে হয়। প্রক্রিয়াটি সম্পন্ন করতে সময় বা ধাপ কমানো যায়-কিনা বিষয়টি বিবেচনার জন্য তিনি অনুরোধ জানান। এ বিষয়ে মহাপরিচালক মহোদয় বলেন সেবা গ্রহীতাদের জন্য আমরা ৩টি বিষয় নিয়ে ভেবে থাকি। সেগুলো হলো-সময় কমানো, পরিদর্শন কমিয়ে নিয়ে আসা এবং আর্থিক সাশ্রয় বিবেচনা করা। ডিডি লাইসেন্সের কোটা উত্তোলনের বিদ্যমান প্রক্রিয়ায় কোন পরিবর্তন আনা যায়-কিনা সে বিষয়ে আমরা আলোচনা করে দেখবো।

- এসিআই ফার্মাসিউটিক্যালস্ প্রতিনিধি বলেন, প্রিকারসর কেমিক্যালস্/সাইকোট্রপিক সাবস্ট্যান্স আমদানির পূর্বানুমতির জন্য সংশ্লিষ্ট কাগজপত্র দিয়ে আবেদন করা হয়। পূর্বানুমতির আবেদন যাচাই-বাছাই বা তদন্ত প্রক্রিয়া সম্পন্ন হতে অনেক সময় লাইসেন্স নবায়ন ও আমদানীর পূর্বানুমতির সময় অতিবাহিত হয়ে যায়। সেক্ষেত্রে পুনরায় হালনাগাদ কাগজপত্র চাওয়া হয়-যেগুলো অন্যান্য প্রতিষ্ঠান সংশ্লিষ্ট। অন্যান্য প্রতিষ্ঠান থেকেও হালনাগাদ কাগজপত্র পেতে বিলম্ব হয়। বিশেষ করে পরিবেশ অধিদপ্তরের হালনাগাদ ছাড়পত্র নিয়ে জটিলতায় পড়তে হয়। এক্ষেত্রে অন্যান্য প্রতিষ্ঠানের হালনাগাদ কাগজপত্র প্রাপ্তির বিষয়টি প্রক্রিয়াধীন থাকা অবস্থায় অনুমোদন দেয়া যায়-কিনা তা বিবেচনার জন্য তিনি অনুরোধ জানান। মহাপরিচালক মহোদয় বলেন, চেকলিস্ট অনুযায়ী হালনাগাদ কাগজপত্র না থাকলে বিবেচনার সুযোগ থাকেনা।

- সোসাইটি ফর পিসফুল লাইফ মাদকাসক্তি নিরাময় কেন্দ্র এর স্বত্বাধিকারী বলেন, ঢাকা মেট্রো:পলিটন এলাকার মধ্যে অবস্থিত মাদকাসক্তি নিরাময় কেন্দ্রগুলোর যথাযথ পরিদর্শন ও মনিটরিংয়ের কারণে সেবার মান নিয়ে রোগী/অবিভাবকগণ সন্তোষ প্রকাশ করেন। মেট্রো:পলিটন এলাকার বাইরের মাদকাসক্তি নিরাময় কেন্দ্রগুলোও যাতে যথাযথ পরিদর্শন ও মনিটরিংয়ের মাধ্যমে সেবার মান ভালো করা যায় বিষয়টি বিবেচনার জন্য তিনি অনুরোধ জানান। এ বিষয়ে মহাপরিচালক মহোদয় বলেন, নিরাময় কেন্দ্রের স্বত্বাধিকারীগণ যদি স্ব উদ্যোগে নিজ প্রতিষ্ঠানের সেবার মান উন্নত করেন তাহলে সকল প্রতিষ্ঠানের সুনাম বৃদ্ধি পাবে এবং সেবা গ্রহীতাগণও সন্তোষ প্রকাশ করবেন।

- বাংলাদেশ ইয়ুথ ফার্স্ট কনসার্ন প্রতিনিধি বলেন, আমরা সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানসমূহে মাদকবিরোধী সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করে আসছি। ইত:পূর্বে শিক্ষা প্রতিষ্ঠানসমূহে মাদকবিরোধী সচেতনতামূলক পরিচালনা করতে গেলে স্কুল কর্তৃপক্ষ হতে তেমন সহযোগিতা পাওয়া যেতো না। কিন্তু এখন স্কুল কর্তৃপক্ষ সর্বোচ্চ সহযোগিতা প্রদান করেন। এ বিষয়ে পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন) বলেন, আমরা আপনাদের মাদকবিরোধী সচেতনতামূলক কার্যক্রম সম্পর্কে অবগত। আপনারা আপনাদের কার্যক্রম অব্যাহত রাখুন। অতিরিক্ত মহাপরিচালক মহোদয় বলেন, এখন প্রায় সকল শিক্ষা প্রতিষ্ঠানে মাদকবিরোধী প্রশিক্ষক/মেন্টর তৈরি করা হয়েছে। তাদের মাধ্যমে আপনাদের মাদকবিরোধী সচেতনতামূলক কার্যক্রম চালিয়ে যেতে পারেন।

- মহাপরিচালক মহোদয় উপস্থিত অংশীজনের উদ্দেশ্যে বলেন, লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রতি ৩ মাস পর পর প্রাতিষ্ঠানিক গণশুনানী সভা আয়োজন করতে হয়। এটি ২০২২-২৩ অর্থ বছরের ৪র্থ এবং শেষ সভা। এ ধরণের গণশুনানী অনুষ্ঠানের মাধ্যমে অংশীজনের কাছ থেকে যে সকল মতামত বা পরামর্শ পাওয়া যায় সেগুলোকে বিবেচনায় নিয়ে সংশ্লিষ্ট সেবাটি কিভাবে আরো সহজ করা যায় সে চেষ্টা অব্যাহত রয়েছে। নানাবিধ সীমাবদ্ধতার মধ্যেও মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণা অনুযায়ী ২০৪১ সালের মধ্যে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে স্মার্ট অফিস এবং স্মার্ট সিটিজেন হতে হবে, তাহলেই সেবা আদান-প্রদান সহজতর হবে।

০৪। অত:পর সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্রম: | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৪.১ | ডিডি পারমিটের কোটা উত্তোলনের আবেদনের তদন্ত, পারমিট ইস্যু ও প্রতিস্বাক্ষরের প্রক্রিয়ায় সময় বা ধাপ কমানোর উদ্যোগ গ্রহণ করতে হবে। পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন) এ বিষয়ে অতিরিক্ত পরিচালক, ঢাকা বিভাগীয় কার্যালয় এবং উপপরিচালক, ঢাকা মেট্রো: (উত্তর/দক্ষিণ) কার্যালয় এর সাথে আলোচনা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন) |
| ৪.২ | মেট্রোপলিটন এলাকার বাইরে অবস্থিত সরকার অনুমোদিত বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রসমূহ লক্ষ্যমাত্রা অনুযায়ী পরিদর্শন অব্যাহত রাখতে হবে। কোন অনিয়ম পাওয়া গেলে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন) |

০৫। অত:পর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভায় অংশগ্রহণকারী সকল অংশীজনকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৮/৬/২০২৩

(মো: আবদুল ওয়াহাব ভূঞা)
মহাপরিচালক (গ্রেড-১)

নং-৫৮.০২.০০০০.০০৫.০০.০০৬.২১-১৯১২

তারিখ: ২৫ জ্যৈষ্ঠ, ১৪৩০
০৮ জুন, ২০২৩

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ: আ: অতিরিক্ত সচিব, মাদক অনুবিভাগ)।
২। পরিচালক (প্রশাসন/অপারেশনস্/চিকিৎসা ও পুনর্বাসন/নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

৩। চীফ কনসালটেন্ট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা।
৪। প্রধান রাসায়নিক পরীক্ষক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, গেন্ডারিয়া, ঢাকা।
৫। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ/গোয়েন্দা শাখা, প্রধান কার্যালয়, ঢাকা।
৬। উপপরিচালক (প্রশাসন/নিরোধ শিক্ষা/অপারেশনস্/চিকিৎসা ও পুনর্বাসন/ক্রয়, পরিকল্পনা ও উন্নয়ন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা/বিভাগীয় কার্যালয়/মেট্রো কার্যালয়/জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন,.................।
৭। বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৮। সহকারী প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯। সহকারী পরিচালক (প্রশাসন/নিরোধ শিক্ষা/চিকিৎসা ও পুনর্বাসন/ক্রয়, পরিকল্পনা ও উন্নয়ন/জনসংযোগ/অর্থ ও হিসাব) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা/বিভাগীয় কার্যালয়/মেট্রো কার্যালয়/জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন.........................।
১০। স্টাফ অফিসার টু ডিজি, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১। অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২। অফিস কপি।

05/05/26

(দীপজয় খীসা)
সহকারী পরিচালক (প্রশাসন)